

া নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশঃ (২০৬) মুআমালাত তথা পার্থিব লেন-দেনের মধ্যে বিদআতগুলো কী কী?

উত্তরঃ পার্থিব লেন-দেনের মধ্যে বিদআত হচ্ছে তাতে এমন শর্ত জড়িয়ে দেয়া, যা না আছে আল্লাহর কিতাবে এবং না আছে রাসূলের সুন্নাতে। যেমন আযাদকারী ব্যতীত অন্য কারো জন্য আযাদকৃত গোলামের পরিত্যক্ত সম্পদের মালিক হওয়ার শর্ত লাগানো। যেমন বারীরার ঘটনায় এসেছে, যখন তার পরিবারের লোকেরা শর্ত করল যে, বারীরার মৃত্যুর পর তারা তার সম্পদের মালিক হবে। একথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে আল্লাহর প্রশংসা করলেন এবং তাঁর গুণাগুণ বর্ণনা করার পর বললেনঃ

فَمَا بَالُ رِجَالٍ مِنْكُمْ يَشْتَرِطُونَ شُرُوطًا لَيْسَتْ فِي كِتَابِ اللَّهِ فَأَيُّمَا شَرْطٍ لَيْسَ فِي كِتَابِ اللَّهِ وَأَيُّمَا شَرْطٍ لَيْسَ فِي كِتَابِ اللَّهِ وَأَيْ مَا بَالُ رِجَالٍ مِنْكُمْ يَقُولُ أَحَدُهُمْ أَعْتِقْ يَا فُلاَنُ وَلِيَ الْوَلاَءُ إِنَّمَا لَوَلاَءُ إِنَّمَا الْوَلاَءُ لِنَّمَا الْوَلاَءُ لِمَنْ أَعْتَقَ

"লোকদের কি হল? তারা এমন এমন বিষয়ের শর্ত লাগায়, যা আল্লাহর কিতাবে নেই। যেসমস্ত শর্ত আল্লাহর কিতাবে নেই তা বাতিল বলে গণ্য হবে। যদিও একশটি শর্ত লাগান,হোক না কেন। কেননা আল্লাহর ফয়সালাই অধিক সত্য। তাঁর শর্তই অধিক মজবুত। তোমাদের কতিপয় লোকের কি হল? তাদের কেউ বলেঃ হে অমুক! তুমি গোলাম আ্যাদ কর। তবে তার পরিত্যক্ত সম্পদ আমার হবে। শুনে রাখ! মূলতঃ আ্যাদকারীর জন্যই পরিত্যক্ত সম্পদ নির্ধারিত হবে"।[1] অনুরূপভাবে যে শর্তটি কোন হারামকে হালাল করবে কিংবা কোন হালালকে হারাম করবে তাও বিদ্যাত ও বাতিল বলে গন্য হবে।

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুল ইৎক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12020

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন